আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**31 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) সমাজে মহিলাদের বিরুদ্ধে সংঘটিত অপরাধ এবং শিশু সুরক্ষার বিষয়টি অত্যন্ত উদ্বেগ জনক বিষয় বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রকাশ ।

২) সপ্তম জাতীয় পোষণ মাসের দেশব্যাপী কার্যসূচির শুভারম্ভ । আসামেও এই কার্যসূচির সূচনা ।

৩) আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশনে গৃহিত বিলগুলি রাজ্যবাসীর সুরক্ষা নিশ্চিত করবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য ।

এবং

৪) প্যারিসে অনুষ্ঠিত প্যারা-ওলিম্পিকে ভারতের রুবিনা ফ্রান্সিসের মহিলাদের ১০ মিটার এয়ার রাইফেল এস এইচ ওয়ান শাখায় ব্রোঞ্জ পদক লাভ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে সমাজে মহিলাদের বিরুদ্ধে সংঘটিত অপরাধ এবং শিশু সুরক্ষার বিষয়টি অত্যন্ত উদ্বেগ জনক বিষয় হয়ে ওঠেছে । তিনি বলেন যে মহিলাদের সুরক্ষার জন্য দেশে অসংখ্য কঠোর আইন প্রণয়ন করা হয়েছে , কিন্তু সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিত্রে এই আইনগুলিকে আরো বেশি সক্রিয় করে তোলা

প্রয়োজন । শ্রী মোদী নারী নির্যাতন সংক্রান্ত মামলা প্রক্রিয়া আরো দ্রুত করার ওপর গুরুত্ব প্রদান করে বলেন যে এই পদক্ষেপের মাধ্যমেই মহিলাদের সুরক্ষা নিশ্চিত করা সম্ভব হবে । প্রধানমন্ত্রী নতুন দিল্লীর ভারত মন্ডপমে অনুষ্ঠিত দুদিনব্যাপী জাতীয় জেলা ন্যায়িক সমারোহের উদ্বোধন করে ভাষণ প্রসঙ্গে এই কথা বলেন ।

তিনি বলেন যে সর্ব্বোচ্চ আদালতের ৭৫ বছর পূর্তি গণতন্ত্রের মাতৃ হিসেবে ভারতের গৌরবকে প্রতিফলিত করছে । সর্ব্বোচ্চ আদালতের ৭৫ বছরের ইতিহাসকে ভারতের সংবিধান এবং সাংবিধানিক মূল্যবোধের পবিত্র যাত্রা হিসেবে শ্রী মোদী অভিহিত করেন । তিনি বলেন যে এই যাত্রা হচ্ছে গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে ভারতকে আরো বেশী শক্তিশালী হয়ে ওঠার যাত্রা । দেশের জরুরীকালীন অবস্থার অন্ধকার সময়ও সর্ব্বোচ্চ আদালত দেশবাসীর মৌলিক অধিকার সুরক্ষিত রেখেছিল বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে যখনই জাতীয় স্বার্থের প্রশ্ন ওঠেছে , তখনই সুপ্রিম কোর্ট আদালত সর্বদা জাতীয় সংহতির অতন্দ্র প্রহরী হিসেবে ভূমিকা পালন করে এসেছে । তিনি বলেন যে ভারতবাসী কখনও কোন কারণে সর্ব্বোচ্চ আদালত অথবা ভারতীয় বিচার ব্যবস্থার বিরুদ্ধে কোন প্রশ্ন উত্থাপন করে নি । সে জন্য সর্ব্বোচ্চ আদালতের ৭৫ বছর পূর্তি গণতন্ত্রের মাতৃ হিসেবে ভারতের গৌরব আরো বেশী উজ্জ্বল করে তুলেছে বলে প্রধানমন্ত্রী মত প্রকাশ করেন । তিনি বলেন যে সত্যমেব জয়তের মাধ্যমে আদালত নিজের সাংস্কৃতিক বার্তাকেও বহণ করে আসছে । ভারতীয় গণতন্ত্র বিচার ব্যবস্থাকে সংবিধানের রক্ষক হিসেবে গণ্য করে আসছে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে এই বিচার বিভাগের ওপর দেশ তথা সমাজের বৃহৎ দায়িত্ব অর্পিত রয়েছে । শ্রী মোদী বলেন যে দেশবাসী অত্যন্ত সন্তোষ প্রকাশ করে আসছে যে সর্ব্বোচ্চ আদালত এই দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করে আসছে । ভারতীয় ন্যায় সংহিতা সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন যে নাগরিক প্রথম , মর্যাদা প্রথম এবং ন্যায় প্রথম এই হচ্ছে এই আইনের মূল আধার ।

শ্রী মোদী বলেন যে গত এক দশকে ন্যায় প্রদান প্রক্রিয়াকে আরো দ্রুত করার ক্ষেত্রে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । গত ১০ বছরে বিচার বিভাগীয় পরিকাঠামোর বিকাশে প্রায় ৮ হাজার কোটি টাকা ব্যায় করা হয়েছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

স্বাধীনতার অমৃত কালের প্রসঙ্গ উত্থাপন করে প্রধানমন্ত্রী বলেন যে এই সময় বিকশিত ভারত এবং নব্য ভারতই হচ্ছে ১৪০ কোটি ভারতীয়র একমাত্র স্বপ্ন । আজকের অনুষ্ঠানে শ্রী মোদী আদালত প্রতিষ্ঠার ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে একটি স্মারক ডাক টিকিট এবং একটি স্মারক মূদ্রা প্রকাশ করেন ।

অনুষ্ঠানে অংশ গ্রহণ করে দেশের মুখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় বলেন যে চলতি বছরের মার্চ মাসে অনুষ্ঠিত সারা ভারত জেলা ন্যায়াধীশ সমারোহের আংশ হিসেবে এই দুদিনব্যাপী সমারোহের আয়োজন করা হয়েছে । তিনি বলেন যে এই সমারোহে ভারতীয় আইন ব্যবস্থার ভবিষ্যত সম্পর্কে সুসংহত নীতি উদ্ভাবনের জন্য জেলা ন্যায়িক ব্যবস্থা এবং অন্যান্য সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গের মধ্যে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী আজ দেশব্যাপী জাতীয় পোষণ মাসের সপ্তম সংষ্করণ প্রকাশ করেছেন । রক্তল্পতা , পোষণ-ভি-পড়াই-ভি , প্রযুক্তি ভিত্তিক উদ্যোগ এবং দেশ থেকে অপুষ্টি নির্মূল করার উদ্দেশ্যে অতিরিক্ত খাদ্য সরবরাহ ইত্যাদি বিষয়ের ওপর এবারের এই সপ্তম সংস্করণে বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে ।

এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ নিয়ে শ্রমতী অন্নপূর্ণা দেবী বলেন যে উন্নত ভারতের স্বপ্ন তখনই সফল হয়ে ওঠবে যখন ভারতে মহিলা ক্ষমতায়ন বাস্তবায়িত হবে এবং প্রত্যেক ভারতীয় সুস্থ ও সবল থাকবে । তিনি বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহিলা নেতৃত্বাধীন উন্নয়নের ওপর বিশেষ ভাবে গুরুত্ব আরোপ করেছেন এবং এই লক্ষ্যে পৌছতে মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রক এবারের বাজেটে মহিলা এবং বিশেষ করে মেয়েদের উন্নয়নে ৩ কোটি টাকা ব্যায়ে কয়েকটি বিশেষ প্রকল্পের সূচনা করেছে ।

---------------------------------------------------------------------------------

দেশের বিভিন্ন অংশের সঙ্গে আজ আসামের চরাইদেউ জেলা মহিলা ও শিশু উন্নয়ন বিভাগের উদ্যোগে এই পোষন মাস কার্যসূচির সূচনা করা হয়েছে । এই উপলক্ষে প্রত্যেকটি ওঙ্গনোয়াড়ি কেন্দ্র প্রাঙ্গনে এক-পের-মা-কে নাম শীর্ষক কার্যসূচিরও শুভারম্ভ করা হয় । ডিব্রুগর জেলাতেও আজ এই কার্যসূচি শুরু হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মায়ের নামে একটি বৃক্ষ রূপনের আহ্বানে সাড়া দিয়ে এই কার্যসূচি গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অতি ক্ষুদ্র , ক্ষুদ্র এবং মাঝারী শিল্প দপ্তরের মন্ত্রী জিতেন রাম মাঝি আজ নতুন দিল্লীতে খাদী মহোৎসব - ২০২৪ আয়োজন সম্পর্কে একটি পর্যালোচনা বৈঠকে অংশ গ্রহণ করেন । দেশে খাদী সামগ্রীর প্রচলনের জন্য চলতি বছরের অক্টোবর মাসে খাদী গ্রামোদ্যোগ কমিশন এই মহোৎসবের আয়োজন করছে । বৈঠকে শ্রী মাঝি খাদী

এবং গ্রামোদ্যোগ ক্ষেত্রের সাফল্য সম্পর্কে পর্যালোচনা করেন । তিনি একটি নির্ধারিত লক্ষ্যে এই বিভাগের জন্য গৃহিত প্রকল্প গুলির বাস্তবায়নের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন । তিনি একই সঙ্গে সমগ্র দেশে খাদী বস্ত্র পরিধান করতে জনসাধারণকে উৎসাহিত করে তোলার জন্য ব্যাপক প্রচারাভিযান শুরু করার পোষকতা করেন । কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে এর মাধ্যমে গ্রামাঞ্চলে কর্ম সংস্থান সৃষ্টি করাও সম্ভব হবে ।

---------------------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার এবারের শরৎকালীন আধিবেশন বেশ কিছু দিক থেকে গুরুত্বপূর্ন বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা মন্তব্য করেছেন । মুখ্যমন্ত্রী বলেন যে এবারের অধিবেশনে গৃহীত বিলগুলি রাজ্যবাসীর কল্যাণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ন বলে বিবেচিত হবে ।এবারের অধিবেশনে গৃহীত প্রতিটি বিলের পৃথক মর্যাদা থাকা সহ রাজ্যবাসীর সুরক্ষা নিশ্চিত করার জন্য এই বিলগুলি উত্থাপন করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন । বিশেষ করে মহিলা সবলীকরণ , স্থানীয় কৃষ্টি , সংস্কৃতির সুরক্ষা ও আদিবাসী জনসাধারণের কল্যাণের দিকে এই বিলগুলি সুদূরপ্রসারি ভূমিকা গ্রহণ করবে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।উল্লেখ্য এবারের অধিবেশনে মুসলিম বিবাহ বাধ্যতামূলক পঞ্জীয়ন ও বিবাহ বিচ্ছেদ বিল ২০২৪ , আসাম জমি ও রাজস্ব সংশোধনী বিল ২০২৪ ছাড়া ও আসাম অনুসূচিত জাতি ও অনুসূচিত জনজাতি , বিভিন্ন সেবা ও পদে নিযুক্তির ক্ষেত্রে আসন সংরক্ষণ বিল , আসাম সরকারের ভাষা সংশোধনী বিল , আসাম দক্ষতা বিশ্ববিদ্যালয় সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ন বিল গৃহীত হয় ।

---------------------------------------------------------------------------------------------

উচ্চাকাঙ্খী জেলা হিসেবে হাইলাকান্দি জেলায় উচ্চাকাঙ্খী প্রকল্পগুলির রুপায়ন খতিয়ে দেখতে কেন্দ্রীয় ডোনার মন্ত্রকের যুগ্ম সচিব অংশুমান দে আগামীকাল হাইলাকান্দি আসছেন ।তিনি সোমবার সকালে প্রশাসনিক আধিকারিকদের সংগে মিলিত হয়ে জেলার উচ্চাকাঙ্খী প্রকল্পগুলির কাজ খতিয়ে দেখবেন । এরপরদিন অর্থাৎ মংগলবার তিনি ফিল্ড ভিজিট করবেন এবং আগামী বুধবার তিনি এবিষয়ে আলোচনার জন্য আধিকারিকদের সংগে বৈঠকে মিলিত হবেন ।আগামী বৃহস্পতিবার তিনি ফিরে যাবেন । উল্লেখ্য ডোনার মন্ত্রকের যুগ্ম সচিব শ্রী দে উত্তর-পূর্ব পরিষদের সচিব হিসেবে ও কাজ করছেন ।

---------------------------------------------------------------------------------------------

কৃষ্ণকান্ত সন্দিকৈ রাজ্য মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে আজ হাইলাকান্দিতে এক বিশেষ নামভর্তি সচেতনতা সভার আয়োজন করা হয় ।এই মুক্ত বিশ্ববিদ্যালয়ের অন্যতম ষ্টাডি সেন্টার হাইলাকান্দির এস এস কলেজ প্রেক্ষাগৃহে এই সভার আয়োজন করা হয় ।এস

এস কলেজের অধ্যক্ষ হিলাল উদ্দিন লস্করের পৌরহিত্যে অনুষ্ঠিত এই নামভর্তি সচেতনতা সভায় কৃষ্ণকান্ত সন্দিকৈ রাজ্য মুক্ত বিশ্ববিদ্যলয়ের উপাচার্য অধ্যাপক রাজেন্দ্র প্রসাদ দাস মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।অনুষ্ঠানে কলেজের ছাত্র ছাত্রীদের শৈক্ষিক বিকাশ , অধ্যয়নের গুণগতমান উন্নয়ন নিয়ে আলোচনা করা হয় ।

---------------------------------------------------------------------------------

প্যারিসে অনুষ্ঠিত প্যারা-ওলিম্পিকে ভারতের রুবিনা ফ্রান্সিস মহিলাদের ১০ মিটার এয়ার রাইফেল এস এইচ ওয়ান শাখায় ব্রোঞ্জ পদক লাভ করেছে ।আজ আনুষ্ঠিত ফাইনাল খেলায় রুবিনা ফ্রান্সিস ২১১ দশমিক ১ পয়েন্ট অর্জন করে এই পদক লাভ করেছে । অন্যদিকে , ভারতীয় শাটলার সুকান্ত কদম এবং নিতিশ কুমার বেডমিন্টনের সেমি ফাইনালে প্রবেশ করেছে । ভারত এ পর্যন্ত এই প্রতিযোগিতায় ১টি সোনা , ১টি রূপা এবং ৩টি ব্রোঞ্জ পদক লাভ করেছে ।

---------------------------------------------------------------------------------

জাতীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের ( আর বি এস কে) র অধীনে কালিনগর খন্ড প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে আজ একটি স্বাস্থ্য পরীক্ষা শিবিরের আয়োজন করা হয় ।শিবিরটি উদ্ভোধন করেন জেলা স্বাস্থ্য বিভাগের অতিরিক্ত আয়ুক্ত লালরহলু খেংতে । শিবিরে কিশোর কিশোরী ও শিশুদের বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা করেন স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডা: জাকির হুসেইন , চক্ষু বিশেষজ্ঞ ডা: সুমনা দাস ভট্টাচার্য , দন্ত চিকিৎসক ডা: রাফিয়া খাদিজা আলী প্রমুখ । শিবিরের কার্যসূচীতে অংশ গ্রহণ করেন জাতীয় স্বাস্থ্য মিশনের সমন্বয়ক অবনী কলিতা , খন্ড সমন্বয়ক দিলোয়ার হুসেইন লস্কর সহ অন্যান্যরা ।

---------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীততে ৩৪৭ টি গ্যাস ওভেন ও রেগুলেটর সংগ্রহের জন্য পুনরায় দরপত্র আহ্বান করেছেন ।বিজ্ঞপ্তীতে পঞ্জীকৃত সংস্থা বা সরবরাহকারীদের আগামী ১৩ ই সেপ্টেম্বের মধ্যে কর্মদিবসে অতিরিক্ত জেলা আয়ুক্ত অন্তরা সেনের কাছে দরপত্র জমা দিতে বলা হয়েছে । টেন্ডার বক্স ঐ একই দিনে বিকেল ৪ টায় খোলা হবে । বিস্তারিত বিবরণ কাছাড়ের জেলা আয়ুক্তের নোটিশ বোর্ডে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------

মাতৃভূমি কাপ প্রাইজমানি নকাউট ফুটবল প্রতিযোগীতার সেমিফাইনালে পৌছল নাজিয়া এন্টারপ্রাইজ । বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত চতুর্থ কোয়ার্টার ফাইনালে তারা , এ আর ভাগা দলকে ৩-০ গোলের ব্যবধানে পরাজিত করেছে । খেলার ম্যান অফ দ্য ম্যাচ নাজিয়া এন্টারপ্রাইজের ভিয়েরার হাতে

ট্রফি তুলে দেন কাছাড় জেলা বিজেপির প্রবীন নেতা অমিয় কান্তি দাস । আগামী দোসরা সেপ্টেম্বর প্রতিযৌগীতার প্রথম সেমিফাইনালে নতুন বাজার এফ সি ও জামালপুর এফ সি দলের মুখোমুখী হবে ।

---------------------------------------------------------------------------------